

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২৩৫

তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলার পাঁচগাছী শান্তিরাম মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও এসএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের এসএসসি(ভোক) শাখার সহকারী শিক্ষক ভাষা(বাংলা) পদে জনাব মোছাঃ ফিরোজা বেগম এর নিবন্ধন সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলাধীন সুন্দরগঞ্জ উপজেলার পাঁচগাছী শান্তিরাম মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও এসএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের এসএসসি(ভোক) শাখার সহকারী শিক্ষক ভাষা(বাংলা) পদে জনাব মোছাঃ ফিরোজা বেগম এর এমপিও ভুক্তির আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। তাঁর আবেদন যাচাই-বাহাই করে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁর দাখিলকৃত নিবন্ধন সনদ অত্র দপ্তর স্মারক নং ৩৭.০৩.০০০০.০৯১.২০১৬-৬৭৮ তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(NTRCA) কর্তৃক যাচাই এর জন্য প্রেরণ করা হয়।

- ২। বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(NTRCA) এর স্মারক নং-বেশিনিক/শি.শি./সনদ যাচাই(সকল)/৬২১/২০১৭/০৯ তারিখঃ ২৪/০১/২০১৭খ্রিঃ মূলে সনদ (নং-১০০০১১৪৬৬, রেজি ১০০০০৪৮২৩, রোল-৩০৬২৩৫১৮, পাশের সন ২০১২খ্রিঃ, সহকারী শিক্ষক বাংলা) যাচাই করে ভূয়া/জালিয়াতি মর্মে প্রতিবেদন প্রেরণ করেন।
- ৩। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতিত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যারটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।
- ৪। এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ প্রেরণ করে উক্ত প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।
- ৫। মোছাঃ ফিরোজা বেগম-এর এমপিও ভুক্তির আবেদনে সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধন সনদ ভূয়া/জাল থাকায় এবং এমপিও সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদির সঠিকতা যাচাই করে নিশ্চিত হওয়ার বিষয়ে যাচাইকাজে সহযোগিতার জন্য অত্র দপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.৩১.১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরনের সামিল।
- ৬। এমতাবস্থায়, তাঁর বেতন-ভাতা বন্ধসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন্দ্র ফৌজদারী কার্যবিধি অনুযায়ী মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ

প্রধান শিক্ষক

পাঁচগাছী শান্তিরাম মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও

এসএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রম

সুন্দরগঞ্জ, গাইবান্ধা

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২৩৫(০৭)

তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।

৪। সভাপতি, পাঁচগাছী শান্তিরাম মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও এসএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রম, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আতিকুর রহমান)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।